

# আলিমের ফলে বৃত্তি পাবেন ৭৫০ শিক্ষার্থী

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ১০ মে ২০২২

আলিম পরীক্ষার ফলের ভিত্তিতে ৭৫০ শিক্ষার্থীকে বৃত্তি দেবে সরকার। এর মধ্যে ১৫০ শিক্ষার্থীকে মেধাবৃত্তি ও ৬০০ শিক্ষার্থীকে সাধারণ বৃত্তি দেয়া হবে। সোমবার (৯ মে) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক মোহাম্মদ শামসুজ্জামানের সই করা আলিমের বৃত্তির ফল তৈরি সংক্রান্ত অফিস আদেশ থেকে এ তথ্য জানা যায়।

এতে আরও বলা হয়, ‘২০২১ সালের আলিম পরীক্ষার ফলের ভিত্তিতে মেধাবৃত্তিপ্রাপ্ত ১৫০ শিক্ষার্থীকে প্রতি মাসে ৭৫০ টাকা এবং বার্ষিক এককালীন ১ হাজার ৮০০ টাকা দেয়া হবে। সাধারণ বৃত্তিপ্রাপ্ত আলিম পরীক্ষায় উত্তীর্ণ ৬০০ শিক্ষার্থীকে প্রতি মাসে ৩৫০ টাকা এবং বার্ষিক এককালীন ৭৫০ টাকা দেয়া হবে। আলিম-পরবর্তী কোর্সের মেয়াদ অনুযায়ী তিনি, চার বা পাঁচ বছর এ বৃত্তি সুবিধা পাবেন শিক্ষার্থীরা।’ জানা যায়, বৃত্তি পাওয়া শিক্ষার্থীদের টাকা জিটুপি পদ্ধতিতে ই-এফটির মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক অ্যাকাউন্টে পাঠানো হবে। বৃত্তির গেজেট প্রকাশের ৭ দিনের মধ্যে অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংকে অ্যাকাউন্ট খুলে হিসাব নম্বর ভর্তীকৃত প্রতিষ্ঠানে জমা দিতে হবে।